

স্কুলের পাঠ্যবইয়ে
মুক্তিযুদ্ধের চেতনা
ফিরিয়ে আনা
হচ্ছে ॥ ইন্দু

স্টাফ রিপোর্টার । জাতীয়
সমাজতান্ত্রিক দল-জাপান সভাপতি ও
তথ্যমন্ত্রী হাসানুল হক ইন্দু বলেছেন,
স্কুলের পাঠ্যপুস্তকে অন্তর্ধাতের ঘটনা
সরকার তদন্ত করে দেখছে।
পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধের চেতনা
পুনরায় ফিরিয়ে আনা হচ্ছে। তিনি
বলেন, বাস্তু-প্রশাসনের বিভিন্ন স্তরে
লুকিয়ে থাকা রাজাকাররা যত্নস্ত-
চক্ষুত অব্যহত রেখেছে। রাজাকার,
সাম্প্রদায়িক জঙ্গি চক্র ও তাদের
সঙ্গীদের সম্মুখে উচ্ছেদ করে
বাংলাদেশকে নিরাপদ করতে হবে।
শনিবার নগরীর শহীদ কুণ্ডলা তাহের
মিলনায়তনে পাঠ্যপুস্তকে অন্তর্ধাতের
প্রতিবাদ ও মুক্তিযুদ্ধের চেতনা
ফিরিয়ে আনার দ্বারিতে ঢাকা
মহানগর-জাপান আয়োজিত সভায়
প্রধান 'অতিথির বক্তব্য' টিনি এ কথা
বলেন।
ইন্দু বলেন, পরিকল্পিতভাবে বর্তমান
সরকারের বিরুদ্ধে, বিভিন্ন মহল
অপপ্রচার চালিয়ে যাচ্ছে। দেশে
বিদেশে অপপ্রচার চালানোর মূল
উদ্দেশ্য হলো ক্ষমতা দখল। কিন্তু
মনে রাখতে হবে দখলের রাজনীতি
শেষ হয়ে গেছে। এখন মানবের
সমর্থন ও ভোট হাতা ক্ষমতায় যাওয়া
যাবে না। বাস্তবতা হলো ভোটাররা
কি বিএনপি-জামিয়ার্টসহ আন্তর্মন
সন্তানদের ভোট দেবে। দেবে না।
কারণ সবাই তাদের অপকর্মের কথা
মনে রেখেছে।